NYS ডিপার্টমেন্ট অফ স্টেট-ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস

নাপিতের ব্যবহারিক
পরীক্ষা প্রক্রিয়ার সারসংক্ষেপ

এটা <u>কেবল</u> পরীক্ষা প্রক্রিয়ার সংক্ষিপ্ত বর্ণনা। পরীক্ষা থেকে ঠিক কী প্রত্যাশা করা হচ্ছে তার জন্য, নাপিতের ব্যবহারিক পরীক্ষা *প্রক্রিয়ার জন্য অনলাইনে কাজের তালিকা দেখে নিন।*

আপনাকে যে পরীক্ষা প্রক্রিয়া করতে বলা হবে নিচে তার বর্ণনা দেওয়া হয়েছে।

এই পরীক্ষার প্রতিটি বিভাগের জন্য আপনাকে নির্দেশ দেওয়া হবে এবং বরাদ্দ করা সময়সীমা জানিয়ে দেওয়া হবে। নির্দেশ না পাওয়া পর্যন্ত কোনও প্রক্রিয়া শুরু করবেন না। প্রার্থীদের একে অপরের সাথে কথা বলার অনুমতি নেই। পরীক্ষার সময় পরীক্ষক যদি আপনাকে মৌখিক বা অন্য কোনও কথোপকথনে জড়িত হতে দেখেন তাহলে আপনার টেস্ট অবৈধ করে দেওয়া হবে।

আপনি একটা ম্যানেকুইনের উপর এই প্রক্রিয়াগুলি করবেন, পরীক্ষার প্রয়োজনীয় শর্ত পূরণ করার ম্যানেকুইনের ব্যবস্থা করা পরীক্ষার্থীর দায়িত্ব। এই প্রক্রিয়া করার জন্য ম্যানেকুইনের মাথা ভর্তি চুল হওয়া দরকার (যে কোনও টেক্সচার হতে পারে) এবং চুলের দৈর্ঘ্য কম পক্ষে দু ইঞ্চি হওয়া দরকার ও গালে চুল থাকা চলবে না। পরীক্ষার জন্য, আপনার ম্যানেকুইনকে ক্লায়েন্ট মনে করা হবে।

অনুগ্রহ করে মনে রাখবেন সিমুলেশন প্রক্রিয়া বাস্তব পদ্ধতি হিসাবে বিবেচনা করতে হবে।

ভাগ I- কাজের জায়গা তৈরি করা এবং ক্লায়েন্টকে (ম্যানেকুইন) প্রস্তুত করা (10 মিনিট)

আপনাকে কাজ দেওয়ামাত্র এইগুলি শুরু করে দেবেন:

ধাপ 1 আপনার কিট থেকে ডিসইনফেকটেন্টিং সলিউশন এবং সংশ্লিষ্ট সাপ্লাই বার করে নিন এবং প্রয়োজনীয় প্রক্রিয়া অনুসরণ করে আপনার জন্য নির্ধারিত কাজের জায়গা জীবাণুমুক্ত করুন। ***এই সময়ে আপনার ওয়ার্কস্টেশনে ফেলে দেওয়া জিনিসপত্র (আবর্জনা) রাখার জন্য একটি প্লাস্টিকের ব্যাগ সংযুক্ত করতে ভুলবেন না।***

ধাপ 2 আপনার পরীক্ষার সময় যে সাধারণ সাপ্লাইগুলি ব্যবহার করা হবে সেসব এবং চুল কাটার টেকনিকের প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় জিনিস সেট আপ করে নেবেন। ***এই সময় রক্ত দূষণের জন্য আপনার পাত্রও অবশ্যই সেট করে নেবেন।***

ধাপ 3 আপনার হাত জীবাণুমুক্ত করে নেবেন ও কাউন্টার-টপ ক্ল্যাম্প দিয়ে আপনার ম্যানেকুইন ওয়ার্কস্টেশনের সঙ্গে আটকে রাখবেন; আপনার ম্যানেকুইনকে ড্রেপ করে পরবর্তী নির্দেশের জন্য অপেক্ষা করবেন।

[পরীক্ষক আপনার ওয়ার্কস্টেশন দেখে নেওয়ার পরে, নির্দেশ দেওয়া হলে আপনি প্রত্যেকটা পরীক্ষা প্রক্রিয়া শুরু করবেন। দরকার মনে করা হলে, নিম্নোক্ত ক্রম থেকে আলাদাভাবে পরীক্ষা করা হবে।]

ভাগ II -চুল কাটার পদ্ধতি (30 মিনিট)

এবার আপনি চুল কাটার পদ্ধতি দেখাবেন। আপনি শুকনো বা ভেজা চুলে আপনার প্রদর্শন করবেন। প্রথমে #1 বা লোয়ার ব্লেড সাইজ দিয়ে মাথার নিচের দিকে ঘাড়ের জায়গা ক্রমশ সরু করে কাটবেন। ক্লিপার ওভার কোম্ব টেকনিক দেখাতে ট্রানজিশন (ওয়েট) লাইন সরিয়ে দিন।(সিংগল কোম্ব অ্যাটাচমেন্ট ব্যবহার করা হয়)। এর পর ক্লিপার ওভার কোম্ব টেকনিক ব্যবহার করে আপনি ঝুলপি থেকে কপাল পর্যন্ত ক্রমশ সরু করে কাটবেন। মাথার চাঁদি, পিছন ও পাশগুলি সমানভাবে কাটা হবে যাতে ফিংগার্স অ্যান্ড শিয়ার টেকনিক অর্থাৎ কাঁচি ও আঙুলের কৌশল ব্যবহার করে অন্তত ½ ইঞ্চি চুল কেটে বাদ দিতে হবে (চুল রুক্ষ হলে, তুলে কাটার পদ্ধতি ব্যবহার করা যায়)। এর পর, কানের পাশ ও গলা থেকে নিচের দিকে আর্চিং টেকনিক ব্যবহার করতে আপনার বড় কাঁচি ব্যবহার করবেন। তারপর আবার ড্রেপ করে চার্জেবল ব্লেড স্ট্রেট রেজর

ব্যবহার করে বাঁকানো জায়গাটা কামিয়ে দেওয়া সিমুলেট করুন, আসল ব্লেড ব্যবহার করা হবে না। সব শেষে মুখ ও গলা থেকে কুচো চুল সরাতে তোয়ালে জড়ানোর প্রক্রিয়া ও ট্যালকাম পাউডার ব্যবহার করবেন। শেষ করার পরে, সরে দাঁড়ান যাতে বোঝা যায় যে আপনার কাজ শেষ হয়েছে। আপনার চুল কাটা পরীক্ষা করতে আপনার পরীক্ষক আপনার কাছে যাবেন। এটা দেখানোর জন্য কমপক্ষে ½ ইঞ্চি চুল কাটতে হবে।

ধাপ 1 ইতিমধ্যে না করা হয়ে থাকলে এই প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য সব সাপ্লাই ও সরঞ্জাম সেট করে রাখবেন। যখন নির্দেশ দেওয়া হবে:

ধাপ 2 প্রক্রিয়ার প্রস্তুতির জন্য চুল আঁচড়ে নেবেন (ভিজিয়ে নেওয়া বা শুকনো রাখা)।

ধাপ 3 একটা #1 বা লোয়ার ব্লেড দিয়ে ঘাড়ের জায়গা সরু করে কাটবেন; *ক্লিপার ওভার কোম্ব টেকনিক* দিয়ে ঘাড় ও অকিপিটাল বোনের মাঝের জায়গা সরু করে কাটবেন **ও** ট্রাঞ্জিসন (ওয়েট) লাইন সরিয়ে দেবেন।

ধাপ 4 *ক্লিপার ওভার কোম্ব টেকনিক* ব্যবহার করে কপাল পর্যন্ত ঝুলপি কাটবেন; অন্তত ½ ইঞ্চি চুল কেটে দেওয়া হয়।

ধাপ 5 মাথার উপর দিকটা সমান করে কাটবেন, *ফিংগার অ্যান্ড শিয়ার্স টেকনিক* ব্যবহার করে মাথার তালু থেকে কপাল পর্যন্ত অগ্রসর হওয়ার নির্দেশ মত অন্তত ½ ইঞ্চি চুল কেটে বাদ দিয়ে দেবেন (চুল রুক্ষ হলে, আপনি ফ্রিহ্যান্ড পদ্ধতি দিয়ে হাতে চুল তুলে কাঁচি দিয়ে কাটতে পারেন তবে এই পদ্ধতি ব্যবহার করা হলে অবশ্যই ক্লিপার ও বড় কাঁচি ব্যবহার করবেন), ***শিয়ার ওভার কোম্ব টেকনিক*** ব্যবহার করে দু পাশ ও পিছনের সঙ্গে মানানসই করে নেবেন।

ধাপ 6 কানের পাশের স্বাভাবিক লাইন দেখাতে *শিয়ার আর্চিং টেকনিক* ব্যবহার করবেন (বড় কাঁচি ও চিরুনি ব্যবহার করতে পারেন)।

ধাপ 7 কেপ থেকে চুলের ক্লিপিং খুলে ফেলুন ও ক্লায়েন্টকে (ম্যানেকুইন) আবার ড্রেপ করুন।

ধাপ 8 কপালের দু পাশের জায়গা, কানের চারিপাশে ও গলা থেকে নিচ পর্যন্ত শেভিং ক্রিম মাখুন। চার্জেবল ব্লেড স্ট্রেট রেজর ব্যবহার করে কপালের দু পাশ থেকে শুরু করে বাঁকিয়ে কানের পাশ পর্যন্ত (ঝুলপির দিকে) নিচের দিকে গলা পর্যন্ত কামিয়ে দেওয়া সিমুলেট করুন, আসল ব্লেড ব্যবহার করা হবে না।

ধাপ 9 ক্লায়েন্টের (ম্যানেকুইন) মুখ ও গলার জায়গা থেকে হেয়ার ক্লিপিং খুলতে তোয়ালে জড়ানোর প্রক্রিয়া ও ট্যালকাম পাউডার ব্যবহার করবেন।

ভাগ III -দাড়ি কামানো– মুখের লোম (15 মিনিট)

আপনি চেঞ্জেবল ব্লেড স্ট্রেট রেজর দিয়ে স্ট্যান্ডার্ড শেভ সিমুলেট করবেন শ্রেরেজর (ব্লেড ব্যবহার করা হবে না)। মুখের প্রস্তুতির পরে, মুখের সব অর্থাৎ চৌদ্দটা শেভ করার জায়গায় আপনি এই প্রক্রিয়া সিমুলেট করবেন (শেভ করার জায়গার ছবির জন্য দেখুন: https://dos.ny.gov/system/files/documents/2021/04/figure-of-shaving-areas-stroke-direction.pdf).

ধাপ 1 ইতিমধ্যে না করা হয়ে থাকলে এই প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য সব সাপ্লাই ও সরঞ্জাম সেট করে রাখবেন। যখন নির্দেশ দেওয়া হবে:

ধাপ 2 প্রক্রিয়া পাওয়ার জন্য আপনার ক্লায়েন্ট (ম্যানেকুইন)কে প্রস্তুত (হেলান দিয়ে) বসিয়ে রাখুন; প্রায় 10-15 সেকেন্ডের জন্য ক্লায়েন্টের (ম্যানেকুইনের) মুখে ভেজানো/আর্দ্র স্টিম তোয়ালে রাখুন। (দ্রষ্টব্য: সিমুলেট করা স্টিমের আগে সাবানের ফেনা/ক্রিম ব্যবহার করার অনুমতি আছে তবে জরুরী না, স্প্রে বোতল থেকে জল দিয়ে তোয়ালে ভেজানো/আর্দ্র করা হবে)।

ধাপ 3 শেভিং ফেনা/ক্রিম দিয়ে আপনার ক্লায়েন্টের (ম্যানেকুইনের) মুখ ও গলা নরম করে নেবেন।

ধাপ 4 আপনার চেঞ্জেবল ব্লেড স্ট্রেট রেজর ব্যবহার করে মুখের উপযুক্ত শেভ করার জায়গাগুলিতে ফ্রি-হ্যান্ড স্ট্রোক, ব্যাক-হ্যান্ড স্ট্রোক, ও রিভার্স ফ্রি-হ্যান্ড স্ট্রোক দেখিয়ে সিমুলেট করে দাড়ি কামিয়ে দেখান (দ্রষ্টব্য: আসল রেজর ব্লেড ব্যবহার করা হবে না)।

ধাপ 5 ভেজা/আর্দ্র করা স্টিম তোয়ালে দিয়ে ক্লায়েন্টের (ম্যানেকুইনের) মুখ ও গলা থেকে অবশিষ্ট ফেনা মুছে দিন।

ভাগ IV-মুখ মাসাজ (10 মিনিট)

প্রথমে আপনি মুখ ও গলায় ভেজা/আর্দ্র করা স্টিম টাওয়েল রাখবেন। তোয়ালে রাখার পরে আপনার ম্যানেকুইনের মুখ ও গলায় মাসাজ ক্রিম মেখে মাসাজ ম্যানিপুলেশন দেখাবেন। 3-5 মিনিটের মাসাজ সম্পূর্ণ করার পরে আপনি ক্লেন্সিং ক্রিম ও তোয়ালে দিয়ে আপনার ম্যানেকুইনের মুখ থেকে মাসাজ ক্রিম মুছে দেবেন। সব শেষে মুখ ব্লট করে শুকিয়ে নিতে তোয়ালে জড়ানোর প্রক্রিয়া ও ট্যালকাম পাউডার ব্যবহার করবেন।

ধাপ 1 ইতিমধ্যে না করা হয়ে থাকলে এই প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য সব সাপ্লাই ও সরঞ্জাম সেট করে রাখবেন। যখন নির্দেশ দেওয়া হবে:

ধাপ 2 একটা বা দুটো তোয়ালে দিয়ে আপনার ক্লায়েন্টের (ম্যানেকুইনের) মুখে স্টিম সিমুলেট করবেন।

ধাপ 3 মুখে সরাসরি মাসাজের ক্রিম লাগিয়ে ক্লায়েন্টের (ম্যানেকুইনের) মুখ ও গলায় সমানভাবে ছড়িয়ে দেবেন।

ধাপ 4 দুটি বা তার বেশি মাসাজের মুভমেন্ট দেখিয়ে আপনার ক্লায়েন্টের (ম্যানেকুইনের) মুখ ও গলায় 3-5 মিনিট মাসাজ করবেন।

ধাপ 5 একটা বা দুটো তোয়ালে দিয়ে দ্বিতীয় বার আপনার ক্লায়েন্টের (ম্যানেকুইনের) মুখে স্টিম সিমুলেট করবেন।

ধাপ 6 মুখে সরাসরি ক্লেন্সিং ক্রিম লাগিয়ে ক্লায়েন্টের (ম্যানেকুইনের) মুখ ও গলায় সমানভাবে ছড়িয়ে দেবেন।

ধাপ 7 তোয়ালে দিয়ে আপনার ক্লায়েন্টের (ম্যানেকুইনের) মুখ ও গলা থেকে সব ক্রিম/লোশন মুছে দেবেন (উষ্ণ তোয়ালের সিমুলেশন); সেটা সরিয়ে আরেকটা তোয়ালে দিয়ে রোমকূপ বুজিয়ে দেবেন (শীতল তোয়ালের সিমুলেশন)।

ধাপ 8 তোয়ালে জড়ানোর প্রক্রিয়া ও ট্যালকাম পাউডার ব্যবহার করে ক্লায়েন্টের (ম্যানেকুইনের) মুখ পরিষ্কার তোয়ালে দিয়ে শুকিয়ে নেবেন।

ভাগ V - কাজের জায়গা পরিষ্কার করা (5 মিনিট)

নির্দেশ দেওয়া হলে, আপনার সাপ্লাই গুছিয়ে তুলে নিতে পারেন এবং আপনার কাজের জায়গা পরিষ্কার করে দিতে পারেন। এর পর, পরীক্ষক আপনাকে ছুটি না দেওয়া পর্যন্ত অপেক্ষা করুন। নিজের সঙ্গে করে সব জিনিস নিয়ে যাবেন (কিছু ফেলে রাখা উচিত না)।

ধাপ 1 পরিবহনের জন্য ব্যবহার করা সমস্ত সরঞ্জাম ঠিকমত জমা করে রাখবেন।

ধাপ 2 ওয়ার্কস্টেশন (কাজের জায়গা) পরিষ্কার করে রাখবেন। প্রয়োজনে (আপনার নিজের ছোট ঝাঁটা ও ডাস্টপ্যান দিয়ে) মেঝের জায়গাটা ঝাঁট দিয়ে দেবেন।

ধাপ 3 সব সাপ্লাই ও সরঞ্জাম প্যাক করে নেবেন। অন্য নির্দেশ না দেওয়া হলে, আপনার অবশ্যই আপনার আবর্জনার ব্যাগ সঙ্গে করে নিয়ে যেতে হবে।

ধাপ 4 ছুটি পাওয়ার পরে নিঃশব্দে পরীক্ষাস্থল থেকে প্রস্থান করবেন।

পরীক্ষার বিস্তারিত তথ্যের জন্য, অনুগ্রহ করে অনলাইন *নাপিতের ব্যবহারিক পরীক্ষা প্রক্রিয়ার জন্য কাজের তালিকা দেখুন।*